

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

সিনিজেনস চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি



বিষয়ঃ সিটিজেনস চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি'র ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	কেয়া খান অতিরিক্ত সচিব
সভার তারিখ	২২/০৫/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০:০০ টা
স্থান	প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযোজনী-'ক'

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব জনাব মো. সাক্বির বিশ্বাস গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেনঃ


ক্র. ন.	গত সভার সিদ্ধান্ত	গত সভার সিদ্ধান্তের অগ্রগতি	অগ্রগতির হার
১	২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিকের কমিটি পুনর্গঠন করার জন্য মার্চ/২০২৩ মাসের শেষ সপ্তাহে প্রশাসন-১ শাখাকে পত্র প্রেরণ করতে হবে।	ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি গঠন করার জন্য আইসিটি সেল হতে প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগকে গত ৩০/০৩/২০২৩ পত্র প্রেরণ করা হয়েছে এবং সে আলোকে গত ০৩/০৪/২০২৩ তারিখে প্রশাসন-১ শাখা হতে ৪র্থ ত্রৈমাসিকের জন্য কমিটি গঠন করে পত্রজারি করা হয়েছে।	১০০%
২	এপ্রিল/২০২৩ মাসের প্রথম সপ্তাহে অথবা সুবিধাজনক সময়ে এ বিভাগের ২য় শ্রেণীর ৩০ জন কর্মচারীদের নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	গত ০৩ এপ্রিল ২০২৩ তারিখে এ বিভাগের ২য় শ্রেণীর ৩০ জন কর্মকর্তাকে নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	১০০%
৩	ইআরডি'র সিটিজেন চার্টার নিয়মিত আপডেট করতে হবে।	ইআরডি'র সিটিজেন চার্টার নিয়মিত আপডেট করা হচ্ছে।	১০০%

২০২২-২০২৩ অর্থবছরের সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র. ন.	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১	সিটিজেন চার্টারের (নাগরিক) সেবাগুলো প্রতিটি ভবনের নিচে প্রদর্শনের জন্য প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগে পত্র প্রেরণ করতে হবে।	জনাব মো. সাক্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি

২	উইং ভিত্তিক কর্মকর্তাদের নাম, র্লক এবং রুম নাম্বারের লিস্ট ভবনের নিচে প্রদর্শনের জন্য প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগে পত্র প্রেরণ করতে হবে।	জনাব মো. সাক্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি
৩	সিটিজেন চার্টারের প্রাতিষ্ঠানিক সেবার ৯ নং সেবা 'প্রকল্প সংশ্লিষ্ট বিদেশী পরামর্শক, বিশেষজ্ঞ ও কর্মকর্তাদেরর ভিসা ও নিরাপত্তা ছাড়পত্রের ব্যবস্থা করা' বিষয়টি সমন্বয় ৫ অধিশাখার দায়িত্ব হিসেবে বহাল থাকবে।	জনাব মো. সাক্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি
৪	সিটিজেন চার্টারের নাগরিক সেবার ৬ নং সেবা 'অনিবাসী বাংলাদেশীদের জাতীয় উন্নয়নে সম্পৃক্তকরণের লক্ষ্যে গঠিত টাস্কফোর্সের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম গ্রহন ও বাস্তবায়ন' বিয়োজনের চূড়ান্ত অনুমোদনের জন্য সচিব মহোদয় বরাবর নথি উপস্থাপন করতে হবে।	জনাব মো. সাক্বির বিশ্বাস, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, ইআরডি

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।



কেয়া খান
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫২.১৮.০০১.২২.২৮

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০

২৫ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব ও ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২) সকল সম্মানিত সদস্য, সিনিজেনস চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
- ৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ৩: প্রশাসন ও মধ্যপ্রাচ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ



মোঃ সাক্বির বিশ্বাস
সিনিয়র প্রোগ্রামার